

## তফসিল-৭

অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র গ্রহন ও উহার নবায়ন ফি  
[বিধি ৯ এর উপ-বিধি (৩), বিধি ১০ এর উপ-বিধি (৪), বিধি ১২ এর উপ-বিধি (৬),  
বিধি ১৮ এর উপ-বিধি (৩), বিধি ২১ এর উপ-বিধি (১), বিধি ২২ এর  
উপ-বিধি (১) ও বিধি ২৩ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য]

## ১. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প:

## ছাড়পত্র ও ছাড়পত্র নবায়ন ফি

মন্ত্রণালয়/ প্রতিষ্ঠানের নাম ও কোড	অর্থনৈতিক কোড	বিবরণ	রেট/মূল্য	
(১)	(২)	(৩)	(৪)	(৫)
পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩	১৪২২৩১৯	বিনিয়োগকৃত অর্থের পরিমাণ (টাকা)	ছাড়পত্র ফি (টাকা)	ছাড়পত্র নবায়ন ফি (টাকা)
		(ক) ১ (এক) লক্ষ হইতে ৫ (পাঁচ) লক্ষ পর্যন্ত	৩,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(খ) ৫ (পাঁচ) লক্ষ ১ (এক) হইতে ১০ (দশ) লক্ষ পর্যন্ত	৬,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(গ) ১০ (দশ) লক্ষ ১ (এক) হইতে ৫০ (পঞ্চাশ) লক্ষ পর্যন্ত	১০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(ঘ) ৫০ (পঞ্চাশ) লক্ষ ১ (এক) হইতে ১ (এক) কোটি পর্যন্ত	২০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(ঙ) ১ (এক) কোটি ১ (এক) হইতে ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত	৪০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(চ) ৫ (পাঁচ) কোটি ১ (এক) হইতে ২০ (বিশ) কোটি পর্যন্ত	৮০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(ছ) ২০ (বিশ) কোটি ১ (এক) হইতে ৫০ (পঞ্চাশ) কোটি পর্যন্ত	১,৬০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(জ) ৫০ (পঞ্চাশ) কোটি ১ (এক) হইতে ১০০ (একশত) কোটি পর্যন্ত	২,৪০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(ঝ) ১০০ (একশত) কোটি ১ (এক) হইতে ২০০ (দুইশত) কোটি পর্যন্ত	৪,০০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক

মন্ত্রণালয়/ প্রতিষ্ঠানের নাম ও কোড	অর্থনৈতিক কোড	বিবরণ	রেট/মূল্য	
			(৪)	(৫)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
		(ঞ) ২০০ (দুইশত) কোটি ১ (এক) হইতে ৫০০ (পাঁচশত) কোটি পর্যন্ত	৬,০০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(ট) ৫০০ (পাঁচশত) কোটি ১ (এক) হইতে ১০০০ (এক হাজার) কোটি পর্যন্ত	৮,০০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(ঠ) ১০০০ (এক হাজার) কোটি ১ (এক) হইতে ২০০০০ (বিশ হাজার) কোটি পর্যন্ত	১০,০০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(ড) ২০০০০ (বিশ হাজার) কোটি ১ (এক) বা তদূর্ধ্ব	১৫,০০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক

**নোট :**

- (ক) অবস্থানগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কলাম (৩) এ উল্লিখিত বিনিয়োগকৃত অর্থের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ টাকা ছাড়পত্র ফি বাবদ প্রদান করিতে হইবে;
- (খ) অবস্থানগত ছাড়পত্র নবায়ন এবং অবস্থানগত ছাড়পত্র গ্রহণের পরবর্তীকালে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কলাম (৩) এ উল্লিখিত বিনিয়োগকৃত অর্থের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ টাকার অর্ধেক ফি বাবদ প্রদান করিতে হইবে;
- (গ) অবস্থানগত ছাড়পত্র ব্যতীত সরাসরি পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কলাম (৩) এ উল্লিখিত বিনিয়োগকৃত অর্থের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ টাকা এবং পরিবেশগত ছাড়পত্র নবায়নের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ টাকার অর্ধেক ফি বাবদ প্রদান করিতে হইবে; এবং
- (ঘ) অবস্থানগত ছাড়পত্র বা নবায়নের মেয়াদ ৬ (ছয়) মাস অবশিষ্ট থাকা অবস্থায় পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কোনো ছাড়পত্র ফি প্রদান করিতে হইবে না; তবে অবস্থানগত ছাড়পত্র বা নবায়নের মেয়াদ ৬ (ছয়) মাসের কম হইলে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত হারে ছাড়পত্র ফি দাখিল করিতে হইবে।
- (ঙ) ছাড়পত্র ও ছাড়পত্র নবায়ন ফি এর সহিত সরকার নির্ধারিত হারে ভ্যাট প্রযোজ্য হইবে।

## ২. ইটভাটা:

## অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ও উহার নবায়ন ফি

মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের নাম ও কোড	অর্থনৈতিক কোড	বিবরণ	রেট/মূল্য	
			(৪)	(৫)
পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩	১৪২২৩১৯	বিনিয়োগকৃত অর্থের পরিমাণ (টাকা)	ছাড়পত্র ফি (বার্ষিক) (টাকা)	ছাড়পত্র নবায়ন ফি (টাকা)
		(ক) ১ (এক) লক্ষ হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত	৪০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর অর্ধেক
		(খ) ১ (এক) কোটি ১ (এক) টাকা হইতে ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত	৫০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর এক-চতুর্থাংশ
		(গ) ৫ (পাঁচ) কোটি ১ (এক) টাকা হইতে ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত	৮০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর এক-চতুর্থাংশ
		(ঘ) ২০ (বিশ) কোটি ১ (এক) টাকা বা তদুর্ধ্ব	১,২০,০০০	কলাম (৪) এ বর্ণিত ফি-এর এক-চতুর্থাংশ

## নোট :

- (ক) অবস্থানগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কলাম (৩) এ উল্লিখিত বিনিয়োগকৃত অর্থের বিপরীতে কলাম (৪) উল্লিখিত পরিমাণ টাকা ছাড়পত্র ফি বাবদ প্রদান করিতে হইবে;
- (খ) অবস্থানগত ছাড়পত্র নবায়ন এবং অবস্থানগত ছাড়পত্র গ্রহণের পরবর্তীকালে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কলাম (৩) এ উল্লিখিত বিনিয়োগকৃত অর্থের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ ফি বাবদ প্রদান করিতে হইবে;
- (গ) অবস্থানগত ছাড়পত্র ব্যতীত সরাসরি পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কলাম (৩) এ উল্লিখিত বিনিয়োগকৃত অর্থের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ টাকা এবং পরিবেশগত ছাড়পত্র নবায়নের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ ফি বাবদ প্রদান করিতে হইবে;
- (ঘ) অবস্থানগত ছাড়পত্র বা নবায়নের মেয়াদ ৬ (ছয়) মাস অবশিষ্ট থাকা অবস্থায় পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে কোনো ছাড়পত্র ফি প্রদান করিতে হইবে না; তবে অবস্থানগত ছাড়পত্র বা নবায়নের মেয়াদ ৬ (ছয়) মাসের কম হইলে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত হারে ছাড়পত্র ফি দাখিল করিতে হইবে; এবং
- (ঙ) ছাড়পত্র ও ছাড়পত্র নবায়ন ফি এর সহিত সরকার নির্ধারিত হারে ভ্যাট প্রযোজ্য হইবে।